

📖 নবী-রাসূলগণের দাওয়াতী মূলনীতি

বিভাগ/অধ্যায়ঃ ৮। নবী-রাসূলগণের দাওয়াতী মূলনীতি (أصول من دعوة الأنبياء والرسول)

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ ইবনে ইবরাহীম আত-তুওয়াইজিরী

৩৬। সর্বাবস্থায় দু‘আ করা ও ভীতিসহকারে ছালাত আদায় করা (الدعاء والفرع إلى الصلاة في جميع الأحوال)

আল্লাহ তা‘আলা বলেন:

(كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوحٍ فَكَذَّبُوا عَبْدَنَا وَقَالُوا مَجْنُونٌ وَازْدُجِرَ (9) فَدَعَا رَبَّهُ أَنِّي مَغْلُوبٌ فَانْتَصِرَ (10) فَفَتَحْنَا أَبْوَابَ السَّمَاءِ بِمَاءٍ مُنْهَمِرٍ (11) وَفَجَّرْنَا الْأَرْضَ عُيُونًا فَالْتَقَى الْمَاءُ عَلَى أَمْرٍ قَدْ قُدِرَ (12) وَحَمَلْنَاهُ عَلَى ذَاتِ أَلْوَاحٍ وَدُسُرٍ (13)) .. [القمر: 9 – 13]

‘তাদের পূর্বে নূহের কওমও অস্বীকার করেছিল। তারা আমার বান্দাকে অস্বীকার করেছিল আর বলেছিল, ‘পাগল’ এবং তাকে ছমকি দেয়া হয়েছিল। (৯) অতঃপর তিনি তার রবকে আহ্বান করলেন যে, নিশ্চয় আমি পরাজিত, অতএব, তুমিই প্রতিশোধ গ্রহণ কর। (১০) ফলে, আমি বর্ষণশীল বারিধারার মাধ্যমে আসমানের দরজাসমূহ খুলে দিলাম। (১১) আর ভূমিতে আমি ঝর্ণা উৎসারিত করলাম। ফলে, সকল পানি মিলিত হলো নির্ধারিত নির্দেশনা অনুসারে। (১২) আর আমি তাকে (নূহকে) কাঠ ও পেরেক নির্মিত নৌযানে আরোহন করলাম’ (সূরা আল-ক্বামার: ৯-১৩)। আল্লাহ তা‘আলা আরও বলেন:

(إِذْ تَسْتَغِيثُونَ رَبَّكُمْ فَاسْتَجَابَ لَكُمْ أَنِّي مُمِدُّكُمْ بِالْفِ مِّنَ الْمَلَائِكَةِ مُرْدِفِينَ (9)) ... [الأنفال: 9]

‘আর স্মরণ কর, যখন তোমরা তোমাদের রবের নিকট ফরিয়াদ করছিলে, তখন তিনি তোমাদের ডাকে সাড়া দিয়েছিলেন যে, নিশ্চয় আমি তোমাদেরকে পর পর আগমনকারী এক হাযার ফেরেশতা দ্বারা সাহায্য করছি’ (সূরা আল-আনফাল: ৯)। আল্লাহ তা‘আলা আরও বলেন:

(وَاسْتَعِينُوا بِالصَّبْرِ وَالصَّلَاةِ وَإِنَّهَا لَكَبِيرَةٌ إِلَّا عَلَى الْخَاشِعِينَ (45)) . [البقرة: 45]

‘আর তোমরা ধৈর্য ও ছালাতের মাধ্যমে সাহায্য চাও। নিশ্চয় তা বিনয়ী ব্যতীত অন্যদের উপর কঠিন’ (সূরা আল-বাক্বারাহ: ৪৫)।

وَعَنْ حُذَيْفَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: كَانَ النَّبِيُّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - إِذَا حَزَبَهُ أَمْرٌ صَلَّى. حسن/ أخرجه أحمد برقم (23688) , وأخرجه أبو داود برقم (1319)

হুযায়ফা (রা.) হতে বর্ণিত। তিনি বলেন: নবী(ছাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যখন কোন কঠিন সমস্যার সম্মুখীন হতেন, তখন ছালাতে মশগূল হয়ে যেতেন (মুসনাদে আহমাদ, হা/২৩৬৮৮; সুনানে আবু দাউদ, হা/১৩১৯, ‘হাসান’)।

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন